"This House notes with great pleasure that Nelson Mandela, the uncompromising fighter against racial discrimination and imperialism and the living symbol of the struggle of the people of South Africa against the oppressive Botha regime, has been released unconditionally after imprisonment for long twenty-seven years ;

This House considers that the release of Nelson Mandela signifies not only the triumph of the fight of the people of South Africa against imperialism and racial discrimination but also a great step forward of the fight of the people of the Third World against imperialism;

This House is aware that the people of India, particularly of West Bengal, have been fighting for long for the release of this undisputed leader and for the cause of Independence of the South African people in keeping with the tradition of this State for fighting against all forms of discrimination and imperialism;

This House demands that the Pretoria Government must immediately abolish the structure of racial discrimination, release all political prisoners and give up all policies of racial oppression ; and

This House fully endorses the struggle of the people of South Africa for the establishment of a government by the majority on the basis of Universal adult franchise."

Statement under Rule 346

Mr. Speaker : Now, I call upon Shri Buddhadeb Bhattacharjee to make a Statement under Rule 346.

Shri Buddhadeb Bhattacharjee : Sir, with your kind permission, I am to state that the State Government have decided to hold the general election to the Calcutta Municipal Corporation on Sunday, the 10th June, 1990. Appropriate notification will be issued by the State Government in due course.

The State Government have also decided to advise the District Magistrates to hold general elections on Sunday, the 27th May, 1990, to those Municipalities where elections are due. Elections will also be held in two of the newly constituted Municipalities, namely, Beldanga in Murshidabad district and Mathabhanga in Cooch Behar district.

Motion under Rule 185

[1-10–1-20 P.M.]

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী শচীন সেন এবং অন্যান্য সদস্যরা নেলসন ম্যান্ডেলার মুক্তি উপলক্ষে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করে আমি দু'একটি কথা বলতে চাই। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে কেবল মাত্র বামফ্রন্টের অন্তর্ভুক্ত পার্টিগুলিই নয়, বিধানসভায় বিরোধী যেসমস্ত রাজনৈতিক দলগুলি আছে, কংগ্রেস, এস. ইউ. সি. আই. এবং মুসলিম লিগের মত সংগঠন পর্যন্ত এই প্রস্তাবের পক্ষে রায় দিয়েছে। এই যে প্রস্তাবটি আজকে বিধানসভায় উত্থাপিত হয়েছে এটি নিছক কতগুলি রাজনৈতিক দলের প্রস্তাব নয়। এই প্রস্তাবের মধ্যে দিয়ে গোটা পশ্চিম বাংলার সমগ্র জনগণের মনোভাবই প্রতিফলিত হচ্ছে। ঔপনিবেশিকতাবাদ এবং ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার বুকে দীর্ঘ দিন ধরে সেখানকার মানুষের সংগ্রাম চলছে। সেই সংগ্রামের সর্ববাদি নেতা হচ্ছেন নেলসন ম্যান্ডেলা। স্বভাবতই কমরেড নেলসন ম্যান্ডেলার মুক্তিকে গোটা পৃথিবীর মানুষ সমর্থন জানাচ্ছে। এই সমর্থন কেবলমাত্র ব্যক্তিগতভাবে নেলসন ম্যান্ডেলার মুক্তির প্রতি সমর্থনই নয়, দক্ষিণ আফ্রিকার মানুষের লড়াই-এর প্রতিও সমর্থন। দক্ষিণ আফ্রিকার মানুষ দীর্ঘ দিন ধরে ইংরেজ-মার্কিন সাম্রাজ্যবাদ এবং বর্ণ-বিদ্বেষী শোষণের বিরুদ্ধে যে সংগ্রাম চালাচ্ছেন তার প্রতি সমর্থন। ইংরেজ এবং মার্কিন সাম্রাজ্যবাদ দীর্ঘ দিন ধরে দক্ষিণ আফ্রিকার বুকে যে বর্ণ-বিদ্বেষী শোষণ চালাচ্ছে তার বিরুদ্ধে সেখানকার মানুষের যে লড়াই চলছে তার ইতিহাসের দিকে যদি আপনি তাকান তাহলে দেখবেন যে, আজ থেকে ৩০০ বছর আগে যখন সর্বপ্রথম ইংরাজরা ভারতবর্ষে আসার পথ খুঁজে পায়, তখন থেকেই দক্ষিণ আফ্রিকা ঔপনিবেশিক শাসন এবং শোষণের শিকারে পরিণত হয়েছে। সেদিন থেকে শুরু করে আজ পর্যন্ত দক্ষিণ আফ্রিকার মানুষ তাঁদের মাতৃভূমিকে রক্ষা করার জন্য, মাতৃভূমির বুকে অর্জিত অধিকারকে রক্ষা করার জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন। দক্ষিণ আফ্রিকার বুকে সেখানকার মানুষের স্বাধীনতা সংগ্রামের বড় বৈশিষ্ট্য হচ্ছে ওখানে বিদেশি শাসক তথা শোষকরা শুধুমাত্র শাসন যন্ত্র বা রাজনৈতিক ক্ষমতাই দখল করেনি, সেখানে বিদেশি শাসকরা তাদের অনুগত স্বদেশি শ্বেতাঙ্গদের শাসন এবং শোষণ প্রতিষ্ঠা করেছে। দক্ষিণ আফ্রিকার বুকে সেই জিনিস এখনো চলছে, যাতে তাদের শোষণ এবং সাম্রাজ্যবাদ অব্যাহত থাকে। এক সময়ে হল্যান্ড এবং ইংল্যান্ড থেকে কিছু বিতাড়িত মানুষকে উপনিবেশ গড়ার জন্য দক্ষিণ আফ্রিকায় নিয়ে যাওয়া হয়েছিল। তারাই আজকে দক্ষিণ আফ্রিকার শক্তিশালী বর্ণবিদ্বেষী সরকারের স্বরূপ। কাজেই ঐ অশুভ শক্তির বিরুদ্ধে, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার মানুষ দীর্ঘদিন ধরে সংগ্রাম চালিয়ে যাচ্ছে। সেই সংগ্রামের একটা বড় ইতিহাস হল, আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের প্রতিষ্ঠা এবং তার সংগ্রাম। এ বিষয়ে আমরা গর্ববোধ করি যে, আমাদের জাতীয় আন্দোলনের নেতা মহাত্মা

গান্ধী ঐ সংগ্রাম শুরু করেছিলেন। মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকার মুক্তি আন্দোলনেরও অন্যতম নেতা। আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস অহিংস মন্ত্রে যে আন্দোলন শুরু করেছিল, যে সংগ্রাম শুরু করেছিল সেই সংগ্রামের একটা পর্যায় পর্যন্ত অগ্রগতি ঘটেছিল। একটা পর্যায়ের পর দক্ষিণ আফ্রিকার মানুষ দেখলেন যে, অহিংস পথে তাঁরা তাঁদের স্বাধীনতা আদায় করে নিতে পারছেন না। স্বভাবতই আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস এবং দক্ষিণ আফ্রিকার মুক্তিকামী মানুষের অন্যান্য সংগঠন তারা এই সিদ্ধান্ত নেয় যে, দক্ষিণ আফ্রিকার বুক থেকে অহিংস পদ্ধতিতে নয়, প্রয়োজনে শসস্ত্র প্রক্রিয়াতে সাম্রাজ্যবাদি মদতপুষ্ট বর্ণ বিদ্বেষী সরকারকে উচ্ছেদ করতে হবে। নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার সেই সময়কার অহিংসবাদী নেতা। কেবলমাত্র অহিংস প্রক্রিয়াতে আন্দোলন চালাবার জন্য যখন আফ্রিকার জনগণ অন্ধকারে হাতড়াচ্ছেন, যখন অহিংস পথে মুক্তি আন্দোলন কাঙ্খিত যাত্রাপথ খুঁজে পাচ্ছিল না তখন দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেস ঐতিহাসিক সিদ্ধান্ত নেয় যে, প্রয়োজনে শসস্ত্র পথে সাম্রাজ্যবাদিদের হাত থেকে দক্ষিণ আফ্রিকাকে মুক্ত করতে হবে এবং সেই প্রাক-মুহূর্তের ঐতিহাসিক নেতা হচ্ছে এই নেলসন ম্যান্ডেলা। তিনি নতুন পৃথিবীর মুক্তিকামী মানুষের সামনে একটি উদাহরণ। প্রয়োজনে অহিংস এবং প্রয়োজনে সহিংস এই দুই প্রক্রিয়ার মধ্য দিয়ে সাম্রাজ্যবাদিদের একটি দেশ থেকে যে উচ্ছেদ করা যেতে পারে এই বিশ্বাস তিনি তাঁর রাজনৈতিক জীবনের মধ্য দিয়ে প্রমাণ করেছেন। কাজেই ২৭ বছর আগে যখন নেলসন ম্যান্ডেলা এবং শসস্ত্র সংগঠনের নেতা উইমকান্ত উইসিজেয়োকে গ্রেপ্তার করা হয় তখন আতঙ্কিত বর্ণবিদ্বেষী সরকারের সামনে এই আশঙ্কা ছিল যে, দক্ষিণ আফ্রিকার এই অহিংস সংগঠন, আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস যে লড়াই চালাচ্ছেন সেই লড়াই যদি শসস্ত্র চেহারায় ফুটে ওঠে তাহলে দক্ষিণ আফ্রিকার মানুষ দেশকে মুক্ত করবে পৃথিবীর আর ৫টি দেশের মতন, যেমন, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, আলজেরিয়া এবং কোরিয়া। কাজেই নেলসন ম্যান্ডেলাকে এতদিন জেলে আটকে রাখার উদ্দেশ্যই হল যাতে আফ্রিকায় সহিংস প্রক্রিয়াতে আন্দোলন না হয়। যে বর্ণবিদ্বেষী সরকার দক্ষিণ আফ্রিকার মানুষের উপর চেপে বসে আছে তাকে উৎখাত করতে হলে শসস্ত্র বিপ্লবের রাস্তায় দক্ষিণ আফ্রিকার মানুষ যাবে এই সিদ্ধান্ত যে নেতা পৌঁছে দিলেন, সেই নেতা হচ্ছে নেলসন ম্যান্ডেলা। সেইজন্য এই নেলসন ম্যান্ডেলাকে জেলে আটকে রেখে দিলেন বর্ণবিদ্বেষী সরকার। কাজেই ২৭ বছর পর যখন এই নেলসন ম্যান্ডেলা মুক্তি পায়, এই মুক্তি একথাই আমাদের সামনে নতুন করে হাজির করে দেয় যে, প্রয়োজনে একটা জাতি স্বাধীনতা অর্জন করবার জন্য অহিংস এবং সহিংস যেকোনও পথই গ্রহণ করতে পারে। গোটা পৃথিবীর জনমত নেলসন ম্যান্ডেলা মুক্তির পক্ষে দাঁড়িয়েছিল। পশ্চিমবাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ দীর্ঘদিন ধরে দক্ষিণ আফ্রিকার জনগণের স্বাধীনতা সংগ্রামের পক্ষে রয়েছেন, দক্ষিণ আফ্রিকার মানুষের মুক্তির সংগ্রামের পাশে রয়েছেন। দক্ষিণ আফ্রিকার জনগণের সাফল্য হচ্ছে নেলসন ম্যান্ডেলার মুক্তি। নেলসন ম্যান্ডেলার মুক্তির এটাই প্রমাণ করছে যে, আধুনিক বিশ্বে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই কেবলমাত্র অহিংস প্রক্রিয়ায় হতে পারে না, প্রয়োজনে শসস্ত্র প্রক্রিয়ায় সাম্রাজ্যবাদিদের উচ্ছেদ করতে হবে। এই নীতি সম্প্রতি নেলসন ম্যান্ডেলার মুক্তির মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে। কাজেই সর্বদলীয় যে প্রস্তাব সেই প্রস্তাবের মধ্য দিয়ে দক্ষিণ আফ্রিকার মানুষের সংগ্রামের প্রতি, নেলসন ম্যান্ডেলার প্রতি এবং দক্ষিণ আফ্রিকার সাধারণ মামুষের প্রতি যে সমর্থন সেই সমর্থন আজকে ব্যক্ত হয়েছে।

এইরকম কারো শক্তি নেই যারা এই প্রস্তাবের বিরোধিতা করতে পারে। কাজেই এই প্রস্তাবে যেভাবে বলা হয়েছে আমি সেই কথা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, কেবলমাত্র নেলসন ম্যান্ডেলার মুক্তি নয়, যতদিন পর্যন্ত না দক্ষিণ আফ্রিকার বুকে বর্ণবৈষম্যবাদ শেষ হচ্ছে, যতক্ষণ পর্যন্ত না দক্ষিণ আফ্রিকার মানুষের যে অধিকার সেই অধিকার ফিরিয়ে আনতে পারছেন ততদিন পর্যন্ত দক্ষিণ আফ্রিকায় সংগ্রাম চলবে। সেই সংগ্রামের প্রতি আমাদের সমর্থন অব্যাহত থাকবে। কোনও সরকার দক্ষিণ আফ্রিকার সংগ্রামকে সমর্থন করছে কি করছে না এই প্রশ্ন আজকে অর্থহীন, তার কারণ, গোটা ভারতবর্ষের জনগণ আজকে দক্ষিণ আফ্রিকার মানুষের এই আন্দোলনকে সমর্থন করছে।

[1-20–1-30 P.M.]

কাজেই দক্ষিণ আফ্রিকার মানুষের এই সংগ্রামের পক্ষে এই প্রস্তাব আগামী দিনে আমাদেরকে প্রতিশ্রুতি বদ্ধ করছে যে, ভবিষ্যতে দক্ষিণ আফ্রিকার মানুষের সংগ্রামের পক্ষে আমরা থাকব। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতার সংগ্রাম তা সে অহিংস প্রক্রিয়ায় হোক বা সশস্ত্র প্রক্রিয়ায় হোক গোটা পৃথিবীর চেতনার সামনে নেলসন ম্যান্ডেলার মুক্তির ঘটনা নতুন করে প্রমাণ করেছে এবং আমরা খুবই আনন্দিত এই কারণে যে, আমরা শুনেছি যে তিনি ভারতবর্ষের বুকে আসছেন। এর জন্য আমরা অবশ্যই গর্বিত। আমাদের রাজ্যের কলকাতা বিশ্ববিদ্যালয় যা পৃথিবীর প্রথম বিশ্ববিদ্যালয় সেখানে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, নেলসন ম্যান্ডেলাকে সাম্মানিক ডিগ্রি দেওয়া হবে। পশ্চিমবঙ্গে নেলসন ম্যান্ডেলার মুক্তি উপলক্ষে যে সর্বদলীয় প্রস্তাবের প্রতিফলন দেখা দিয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বিজনেস অ্যাডভাইসারি কমিটির কর্মসূচি অনুযায়ী নেলসন ম্যান্ডেলার মুক্তিকে স্বাগত জানাচ্ছি। অবশ্য সকল মুক্তিকামী মানুষই একে স্বাগত জানিয়েছেন। আমি জানি এতে কোনও দ্বিমত থাকার কথা নয়। কিন্তু আমি যেটা বলছি যে, এই প্রস্তাবের উপর আলোচনায় কারো দ্বিমত নেই, কিন্তু আজকে হাওড়ায় যে ঘটনা ঘটেছে সেই ব্যাপারে আমরা সকলেই উদ্বিগ্ন। কাজেই এই ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যতটুকু জানেন সেই ব্যাপারে আমাদের অবহিত করবেন আমরা এই আশা করি। ব্যাপারটির কোনওরকম তদন্ত হচ্ছে কি না সেটাই আমরা জানতে চাই। আমি এইটুকু বলতে চাই যে, নেলসন ম্যান্ডেলার সম্বন্ধে আলোচনার সাথে সাথে হাওড়ার বিষয়টিও আলোচনা হোক, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য রাখুন এটাই আমরা চাই।

শ্রী আব্দুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের তরফ থেকে কয়েকটি অ্যাডজোর্নমেন্ট মোশন আমরা দিয়েছিলাম, হাওড়ার মাননীয় সদস্য অম্বিকা ব্যানার্জি মহাশয়কে পড়তে বলেছেন। আজকে কোনও কোশ্চেন অ্যান্সার ছিল না, মেনশন নেই কিছুই নেই অথচ এতবড় ঘটনাটা ঘটল যেখানে দুটো ছেলে নিহত হয়েছে। স্যার, আপনি জানেন কিছুদিন আগে পরপর একই দিনে ৫টি ফ্ল্যাটে ডাকাতি হয়েছে এবং তারপরে একটা রেজিস্টেন্স পার্টি—সঞ্জয় বলে একটা ১৫-১৬ বছরের ছেলে—যে ঐ পার্টিতে ছিল, সারা রাত্রি ডিউটি করে বাড়ি

ফিরবার সময় সমাজবিরোধী কিংবা ডাকাতে তাকে গুলি করে, কেন না ঐ ডাকাতিতে বাধা দেওয়ার জন্য কাজটা পুলিশের, ডাকাতি যাতে না হয় সেটা পুলিশের দেখা দরকার। কিন্তু দুঃখের বিষয় পুলিশ নিষ্ক্রিয়। আমরা জানি না কি কারণে নিষ্ক্রিয়। কলকাতার পাশে এতবড় একটা শহর হাওড়া সেখানে ঘটনা ঘটছে। ফ্ল্যাটে ফ্ল্যাটে ডাকাতি হচ্ছে, ৬-৭টা খুন হয়েছে এই রকম চলছে। কাউন্সিলার আক্রান্ত, বোমা মারা হয়েছে। আমার মনে হয় এসব দেখে ব্রিটিশ আমলের পুলিশ বা দক্ষিণ আফ্রিকার পুলিশও লজ্জা পাবে। কাজেই ব্যাপারটা দেখা দরকার। ৫৫ রাউন্ড গুলি ছোঁড়ার ফলে পুলিশের গুলিতে প্রান্তিক মুখার্জি খুন হয়েছে। স্যার, সাড়ে চারটায় খুন হল, পুলিশ খবর পেয়ে সঙ্গে সঙ্গে তার ডেডবডি নিয়ে চলে গেল। এরফলে স্বাভাবিক কারণেই উত্তেজনা সৃষ্টি হবে। রেজিস্টেন্স পার্টি—সেটা কংগ্রেসের কিছু নয়, সব পার্টি মিলে দলমত নির্বিশেষে যাতে ডাকাতি না হয়, তার চেষ্টা করছেন তারা। যেহেতু পুলিশ কিছু করতে পারছে না সেহেতু পুলিশের উপর তাঁরা ভরসাও করতে পারছেন না। গতকাল হাওড়ায় যে বিরাট ঘটনা ঘটে গেল তার প্রতিবাদে আজকে দলমত নির্বিশেষে প্রতিটি পার্টি, প্রতিটি অধিবাসী সেখানে সর্বাত্মক-বন্ধ ডেকেছেন এবং একটা বিরাট মিছিলও বেরিয়েছে সেখানে যাতে কংগ্রেস, অকংগ্রেস বা সি. পি. এম. বলে কোনও পার্টি নেই। লক্ষাধিক মানুষ আজকে সেখানে প্রসেশন করেছেন। সুতরাং ব্যাপারটা গুরুতর। কিন্তু সবকিছুই যদি এড়িয়ে যাওয়া হয়, অ্যাডজোর্নমেন্ট মোশন আনলে তাকে যদি এড়িয়ে যাওয়া হয়, তাহলে হাউস কিসের জন্য? মাননীয় মুখ্যমন্ত্রী —তিনিই আজকে পুলিশ মন্ত্রী। আজকে তাঁর নাম ভারতবর্ষের প্রতিটি কোণে কোণে ছড়িয়ে পড়েছে। কিন্তু আজকে তাঁর বাড়িতেই এই ধরনের আগুন ছড়াচ্ছে, ঐ ধরনের পুলিশি জুলুম চলছে। পুলিশ সেখানে মানুষের জীবন নিয়ে খেলা করছে। কিছুদিন আগে এইভাবে তারা চাষীদের পর্যন্ত গুলি করেছে যেহেতু তাঁরা জল, বিদ্যুৎ চেয়েছিলেন। আজকে যদি খোঁজ নেওয়া যায় তাহলে দেখা যাবে যে, একজন প্রাক্তন চিফ সেক্রেটারির বাড়িতে পর্যন্ত ডাকাতি হয়েছে, বাইপাসে ডি. জি. আক্রান্ত হয়েছেন, ডেপুটি মেয়র শ্রী মণি সান্যালের বাড়ি আক্রান্ত হয়েছে। তিনি বলেছেন, 'আইনশৃঙ্খলা বলে কিছু নেই।' আজকে কলকাতার মেয়র বলছেন, "যে অবস্থা চলছে তাতে 'মিসা', 'নাসা', দরকার।" কলকাতার মেয়র বলছেন একথা। আজকে আমাদের অ্যাডজোর্নমেন্ট মোশনে দাবি ছিল যে, এক ঘন্টা আলোচনা হোক। আপনি নিশ্চয়ই ম্যান্ডেলা সংক্রান্ত মোশন করতে পারবেন, কারণ ম্যান্ডেলা প্রসঙ্গে আমরা সবাই একমত হয়েছি। এক্ষেত্রে আমরা কিছু পরিবর্তন চেয়েছিলাম, কিন্তু আপনারা সেটা মানছেন না। আপনারা বলেছেন যে, কেন্দ্রীয় সরকার কিছু করেননি। পরে আমরা সেটা দেখব, কিন্তু আজকে হাওড়ায় পরপর ডাকাতি, খুন ইত্যাদি হচ্ছে, সারা পশ্চিমবঙ্গেই সেটা ঘটছে, তাই এটা নিয়ে আলোচনা আগে হোক। আমি আপনাকে বলব, দয়া করে এক ঘন্টা সময় দিন, এটা নিয়ে আলোচনা আগে হোক। মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে আছেন, তিনি বিবৃতি দেবেন। তবে দয়া করে পুলিশের জন্য ওকালতি করবেন না। আপনি একদিন পুলিশের উপর সোচ্চার ছিলেন। তারপর এখানে যখন পুলিশ ঢুকেছিল তখনও আপনি বলেছিলেন যে, কেন তারা এসেছে? কিন্তু আজকে গোটা অ্যাসেম্বলি হাউসকে পুলিশ ঘিরে রেখেছে ; লাঠি, টিয়ার গ্যাস, বন্দুক নিয়ে বসে আছে তারা। আজকে পুলিশ আমাদের ঘিরে রয়েছে। যিনি একদিন বলতেন যে, পুলিশ এখানে থাকতে পারবে না, আজকে সেই মুখ্যমন্ত্রী কি করছেন? তিনি পুলিশ ছাড়া এক পাও এগোচ্ছেন না কেন তা

আমি বুঝতে পারছি না। কিন্তু আপনারা তো জনগণ আপনাদের সাথে আছে বলে বলেন, তাহলে আজকে পুলিশ কেন? কেন আজকে বিধানসভাকে পুলিশ দিয়ে ঘিরে রেখেছেন? তাই আমি বলছি, আপনি স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী এবং আপনিই লিডার অব দি হাউস দয়া করে আপনি স্পিকারকে বলুন যাতে এক ঘন্টা সময় উনি আলোচনার জন্য দেন। হাওড়ার যাঁরা এম. এল. এ. এখানে আছেন তাঁরাই বলবেন, কারণ তাঁরা স্পটে গিয়েছিলেন। আপনি দয়া করে পশ্চিমবঙ্গকে বাঁচান, কারণ আজকে সর্বত্র খুন, জখম, ডাকাতি ইত্যাদি চলছে যা ইতিপূর্বে ঘটেনি। সুতরাং আজকে জঙ্গলের রাজত্ব থেকে মানুষকে রক্ষা করুন। আজকে প্রশাসন সম্পূর্ণ ব্যর্থ, প্রাণের কোনও মূল্য নেই। কেবলমাত্র বড় বড় মুখরোচক কথা বলে ধোঁকা দিয়ে আপনারা দেশকে চালাচ্ছেন। প্রকৃত অবস্থা ঢাকতে চাইছেন এবং তা বলতে পারছেন না ভয়ে। আজকে আপনারা শুনতে পান না; চোখের সামনে ঘটনা ঘটছে। কিন্তু আপনারা নিশ্চুপ। আমি আশা করব, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অন্তত এরজন্য এক ঘন্টা সময় দেবেন। এই কথা বলে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি আপনি এতে রাজি হোন, আমাদের যে হাওড়া জেলার এম. এল. এ. আছেন, যাঁরা ব্যাপারটা দেখে এসেছেন, তাঁরা বক্তব্য রাখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30–1-40 P.M.]

শ্রী জ্যোতি বসু ঃ স্পিকার মহাশয়, মাননীয় বিরোধী দলের নেতার কথা শুনলাম। ইতিপূর্বে আপনি কলিং অ্যাটেনশনের সময় ঠিক করেছিলেন এই ব্যাপারটা নিয়ে আলোচনা করার। আমি চেয়েছিলাম যদি সোমবার হাউস থাকে তাহলে সোমবার এই বিষয়ে আমি বলব। সোমবার হাউস হবে কি না সেটা ঠিক হয়নি। তা যদি না হয় তাহলে ঠিক করেছি ২২ তারিখে এই ব্যাপারে জবাব দেব। আগে যদি বলেন তাহলে আমি বলতে পারি, তবে আমাকে একটু তৈরি হয়ে আসতে হবে। আমার কাছে এখনও সমস্ত খবর আসেনি। আমি কিছুক্ষণ আগে পুলিশের সঙ্গে মিটিং করে এলাম, আমাকে আবার রাইটার্স বিল্ডিংসে গিয়ে মিটিং করতে হবে। সমস্ত তথ্য আমাকে জানতে হবে, সমস্ত তথ্য আমার কাছে এখনও আসেনি। হাওড়ার মেয়র আমার কাছে এসেছিলেন, কংগ্রেস পক্ষের মাননীয় সদস্যরা আমার কাছে এসেছিলেন। আমার কাছে যা খবর আছে তাতে কংগ্রেস পক্ষের সদস্যরাও এই ব্যাপারে সহযোগিতা করছেন। এখানে আজও খানিকটা গন্ডগোল হয়েছে। খুব ভয়ঙ্কর ঘটনা হাওড়ায় হয়েছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাকে সমস্ত খোঁজ নিয়ে বার করতে হবে এই ঘটনা কেন ঘটল, ঘটনা কি দাঁড়িয়েছিল। পুলিশ নিষ্ক্রীয়তার জন্য হয়েছে না আরো কিছু আছে সেটা খোঁজ নিয়ে বার করতে হবে। সেই জন্য আমি সময় চেয়েছিলাম। সোমবার পারতাম, সোমবার যদি হাউস না হয় তাহলে ২২ তারিখে জবাব দেব। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে খবর পাঠিয়েছি—এই সমস্ত ক্ষেত্রে আমরা যা করি, সবদল মিলে মিটিং করি—বিশেষ করে এম. এল. এ. যাঁরা আছেন কংগ্রেস পক্ষের বা অন্য পক্ষের তাঁদের সবাইকে নিয়ে মিটিং করুন। হাওড়ার যাঁরা সমস্ত আছেন তাঁদের সকলকে নিয়ে আলোচনা করুন কিভাবে কি করা যায়। ওনারাও যেটা বলেছেন, এটা ঠিক যে, এই ঘটনা রাজনৈতিক তর্কের বিষয় নয়। যদি ওই ঘটনার ব্যাপারে তাঁরা কোনও খবর পান সেটা আমি জানতে পারব। সন্ধ্যের সময় আপনারা বসুন, ওই ঘটনা সম্পর্কে তাঁরা কি বলতে চায় বলুন.

ভবিষ্যতে কি করতে হবে সেটাও জানতে পারব এবং আমার নিজের কাছে যে খবর আছে সেইগুলি নিয়ে আমি সুস্পষ্ট ভাবে, পরিষ্কার ভাবে সমস্ত কিছু জানতে পারব। আমাদের নিশ্চয়ই বলতে হবে ইতিমধ্যে ২ জন মারা গিয়েছেন, একজন ডাকাতের গুলিতে, একজন পুলিশের গুলিতে। আমি একটু আগে শুনে এলাম আরো দুজন হাসপাতালে রয়েছেন, একজন এখানকার হাসপাতালে রয়েছেন তাঁদের অবস্থা ভাল নয়। তারপর আমাকে ওনারা বলেছেন ক্ষতিপূরণ দেবার ব্যাপারে। এখন ক্ষতিপূরণের ব্যাপারে তো কোনও প্রশ্ন নেই, যা দরকার সেটা তো হবেই, সবাই মিলে যেটা ঠিক করবেন যা বিবেচনা করবেন সেই ব্যবস্থাই করব। কিন্তু আসল বিষয় হল কলিকাতার পাশের শহর হাওড়ায় এই রকম একটা ঘটনা ঘটে গেল! সবাই মিলে খুঁজে বার করতে হবে কেন এই ঘটনা ঘটল। বিরোধী দলের মাননীয় সদস্য বলেছেন এতে রাজনীতি আনতে চাই না। কার দোষে আইনশৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে সেটা আমাদের দেখতে হবে এবং সবাই মিলে এটা আমাদের দেখতে হবে। আর যাঁরা মারা গিয়েছেন তাঁদের জীবন তো আমি ফিরিয়ে দিতে পারব না। তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জানাই। তাঁদের পরিবারের প্রতি যা করবার আছে সেটা করব। আপনাদের সকলের কাছে যা তথ্য আছে সবাই মিলে সেটা বলবেন, আমার কাছে সমস্ত তথ্য পাঠিয়ে দেবেন, দরকার হলে আপনারা নিজে এসে আমার সঙ্গে দেখা করবেন, আমাকে সমস্ত ঘটনা বলবেন। এটাতো তিন দিনের ঘটনা নয়, এই ঘটনা অনেক দিন ধরে স্তুপিকৃত হচ্ছে। সেইজন্য আমি সমস্ত কথা এখানে বললাম, এটা আলোচনা হচ্ছে না। আপনারা সব ঘটনা বলবেন তারপর আমি বলব। তারপর দেখব কি করা যায়।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা এমন একজন ব্যক্তিকে নিয়ে এখানে আলোচনা করছি যিনি ছিলেন সারা বিশ্বের শোষিত, নিপীড়িত, নির্যাতিত মানুষের মুক্তির প্রতীক। আজকে আমরা অত্যন্ত দুঃখিত, ব্যথিত—আজকের এই রেজোলিউশনটি আমাদের সর্বসম্মতিক্রমে হওয়া উচিত ছিল। আমাদের কাছে একটি প্রস্তাব এসেছিল এবং সেই প্রস্তাবে আমরা 'কেন্দ্রীয় সরকার' কথাটি লিখেছিলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যেটি, আজকের বক্তব্য নেলসন ম্যান্ডেলাকে নিয়ে, যাঁর সম্বন্ধে সারা বিশ্বের তথা সারা দুনিয়ার মানুষ তাঁর সাতাশ বছর জেলে কাটিয়ে মুক্তির পরে যে আনন্দ উপভোগ করছেন, আমরাও কংগ্রেস দলের পক্ষ থেকে বিধানসভাতে প্রস্তাব—সর্বসম্মত প্রস্তাব আনতে চেয়েছিলাম। সর্বসম্মত ভাবে সেই প্রস্তাব না আনার জন্য আমরা দুখিঃত। আমরা শুনলাম, 'কেন্দ্রীয় সরকার' কথাটি লেখাতে নাকি এস. ইউ. সি. আই. পার্টি আপত্তি দিয়েছে। কেন্দ্রীয় সরকার কথাটি লেখাতে যদি তাঁদের অসুবিধা হয়, তাহলে এটি না দিয়ে সর্বসম্মতিক্রমে একটি সিদ্ধান্ত, রেজোলিউশন না আনার জন্য আমরা ব্যথিত। আমি বলব সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব না এনে অত্যন্ত নিচু মনের, সংকীর্ণ মনের পরিচয় দিয়েছেন বামফ্রন্ট সরকার। আজকে এখানে এমন একজন লোকের সম্বন্ধে আলোচনা হচ্ছে, যে ব্যক্তি সারা বিশ্বে বন্দিত শুধু নয়, যাঁর আন্দোলনের পিছনে প্রথমেই ছিলেন মহাত্মা গান্ধী। বর্ণবৈষম্যের বিরুদ্ধে মহাত্মা গান্ধী প্রথমে সেখানে আন্দোলন শুরু করেছিলেন। আমাদের পন্ডিত জওহরলাল নেহেরু, শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী সকলেই নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য শুধু চেষ্টা করে গেছেন তাই নয়, বিশ্বের দরবারে—বিভিন্ন রাজ্যে, বিভিন্ন জায়গায় জনমত তৈরি করার জন্য যেভাবে প্রচেষ্টা [illegible]ছেন তা বিশ্বের সমস্ত লোকই জানেন। আজকে পরিতাপের বিষয়, যখন এই রকম

একজন বরণ্যে ব্যক্তিকে ঘিরে রেজোলিউশন নিচ্ছেন, যার প্রতি কংগ্রেস দলের সম্মতি আছে, সেখানে এস. ইউ. সি.-র একটি কথায় 'কেন্দ্রীয় সরকার চেষ্টা করেছিলেন' এই কথাটি বাদ দিয়েছেন। এটি আপনাদের বন্ধু সরকার চেষ্টা করেছেন। যেটি সত্য কথা, সেটি না রেখে আমি বলব, আপনারা অত্যন্ত সংকীর্ণ মনোভাবের পরিচয় দিয়েছেন। আমি এর জন্য ধিক্কার জানাচ্ছি। একজন মহামানব, যিনি বর্ণবৈষম্যের বিরুদ্ধে অন্দোলন করে ২৭ বছর জেল খেটেছেন, যখন সি. পি. এম. পার্টি জন্মগ্রহণ করেনি তখন থেকে তিনি জেল খেটেছেন। বর্ণবৈষম্যের বিরুদ্ধে মহাত্মা গান্ধী আন্দোলন শুরু করেছিলেন, তিনি যে দলের ছিলেন, সেই কংগ্রেসকে আপনারা বাদ দিতে চেয়েছেন। সত্যকে কি অস্বীকার করা যায়? কংগ্রেস দল আজও সর্বভারতীয় বৃহত্তম দল বলে স্বীকৃত। মহাত্মা গান্ধী, পন্ডিত জওহরলাল নেহেরু যাঁর মুক্তির জন্য চেষ্টা করে গেছেন, সেই কংগ্রেসকে বাদ দিয়ে এখানে এই রেজোলিউশন আনা হয়েছে। আমি এই মনোভাবের বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছি। আমরা সংবাদপত্রে দেখলাম যে, নেলসন ম্যান্ডেলা কলকাতায় আসবেন। তারজন্য একটি কমিটি তৈরি করা হয়েছে কংগ্রেসকে বাদ দিয়ে। দেখলাম সাত্তার সাহেবকে এক্স-অফিসিও মেম্বার হিসাবে এবং আই. এন. টি. ইউ.সি.-র সভাপতি হিসাবে সুব্রত মুখার্জিকে আহ্বান জানানো হচ্ছে, কংগ্রেস পার্টি হিসাবে নয়। কংগ্রেস পার্টি হিসাবে কংগ্রেসের সভাপতিকে সঙ্গে নিয়ে আমাদের ডাকা হচ্ছে না।

[1-40–1-50 P.M.]

কিন্তু কি করছেন কী আপনারা তাঁর মতন একজন মহান ব্যক্তিকে নিয়ে? সংবাদপত্রে আমরা দেখেছি সাত্তার সাহেবকে রাখা হয়েছে পরিষদীয় মেম্বার হিসাাবে, কংগ্রেস ছাড়া পরিষদীয় দলের সত্বাই নেই। আমি বলব আপনারা যদি এটা করেন তাহলে আমরা এটা বর্জন করতে বাধ্য হব। কংগ্রেসকে আপনারা শ্রদ্ধা করবেন কি না জানি না, তবে কংগ্রেস এই আন্দোলনের সঙ্গী ছিল শুধু নয়, মহাত্মা গান্ধীও এই বর্ণ বৈষম্যের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গদের প্রতি অত্যাচারের বিরুদ্ধে, ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন ; মহাত্মা গান্ধী হচ্ছেন তাঁর পথ প্রদর্শক। শুধু তাই নয়, মহাত্মা গান্ধীর পথ প্রদর্শক হিসাবে পন্ডিত জওহরলাল নেহেরু, ইন্দিরী গান্ধী, রাজীব গান্ধী সকলেই নেলসন ম্যান্ডেলার মুক্তি চেয়েছিলেন। অথচ আজকে আপনারা একটা সংকীর্ণ মনের পরিচয় দিচ্ছেন ; তাঁর মতন একটা মহান লোককে আহ্বান করবেন, অভ্যর্থনা জানাবেন, কিন্তু সেখানে কংগ্রেস পার্টিকে ডাকা যাবে না, এস. ইউ. সি. আই. পার্টিকে ডাকা যায়, ফরওয়ার্ড ব্লককে ডাকা যায়। আপনাদের জানা উচিত যে, দক্ষিণ আফ্রিকায় কংগ্রেস শুরু করেছিল বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে আন্দোলন। তখনও আপনারা আসেননি। আর আপনারা সেই কংগ্রেসকে বাদ দিয়ে শুরু করবেন অভ্যর্থনা, জানি না আমার এই বলার পর আপনাদের যদি শুভবুদ্ধির উদয় হয়—যদি নিম্ন মনের পরিচয় দিতে না চান—তাহলে আসুন আমরা সকলে মিলে নেলসন ম্যান্ডেলাকে অভ্যর্থনা জানাই। তারজন্য আমরা প্রস্তুত। যারা নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য বর্ণবৈষম্যর বিরুদ্ধে, ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিল সেই রাজনৈতিক দলকে বাদ দিয়ে আপনারা একটা অভ্যর্থনা কমিটি করতে চান, জানি না, এটা যদি সত্যি হয় তাহলে এটা দুর্ভাগ্যের বিষয়, লজ্জার বিষয়, ক্ষোভের বিষয়, ঘৃণার বিষয়। আপনাদের জানা উচিত আজও পশ্চিমবাংলায় সি. পি. এম.-র চেয়ে কংগ্রেসের সংখ্যা নিশ্চয়ই বেশি, কম নয়, ভোটের তত্ত্ব থেকে যেটা

পাওয়া যায়। এদেরকে বাদ দিয়ে আপনারা অভ্যর্থনা করতে চান, তাহলে এই রেজোলিউশনকে ভগ্ন মনে সমর্থন করব, দুঃখের সঙ্গে সমর্থন করব। কারণ এই রেজোলিউশন সর্বসম্মত হওয়া উচিত ছিল তা আপনারা করতে দিলেন না। আপনারা কংগ্রেসকে বাদ দিয়ে এটা করলেন এটা অত্যন্ত পরিতাপের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেলসন ম্যান্ডেলার মুক্তি দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের মুক্তির সূর্য ; এটা অত্যন্ত আনন্দের কথা। এই ম্যান্ডেলাকে আমাদের বাঁচাতে হবে চোখের মণির মতন। কারণ, দক্ষিণ আফ্রিকার নেতা লুথার কিং তাঁকে হত্যা করা হয়েছে, জন কেনেডিকে হত্যা করা হয়েছে। জন কেনেডির মতন মার্টিন লুথার কিংও অত্যন্ত ভাল মনোভাবাপন্ন ছিলেন। আবার কেনেডিরও কৃষ্ণাঙ্গদের প্রতি একটা সফট কর্ণার ছিল তাই তাঁকেও ঐ একই কারণে হত্যা করা হয়েছে। নেলসন ম্যান্ডেলা ব্রিটিশ সাম্রাজ্যবাদিদের চোখ থেকে বাঁচতে পারবেন কি না জানি না, তাই তাঁকে রক্ষা করার দায়িত্ব বিশ্বের মানব জাতিকে নিতে হবে ; প্রত্যেক মানুষকে নিতে হবে। তা শুধু আবেদন নিবেদন নয়, দক্ষিণ আফ্রিকা স্বাধীনতা যতদিন পর্যন্ত না পাচ্ছে ততদিন পর্যন্ত সংগ্রাম চালিয়ে যেতে হবে, এই সংগ্রামের পিছনে আমরা সকলেই আছি এবং থাকব। আজকে আমরা দক্ষিণ আফ্রিকার দিকে তাকিয়ে আছি কখন আসবেন ম্যান্ডেলা, তাঁকে আমরা সাদরে অভ্যর্থনা জানাব, যদি এখানকার বামফ্রন্ট সরকার সংকীর্ণ মনোভাব থেকে বেরিয়ে এসে সকলে সমর্থন করুক। আজকে অত্যন্ত পরিতাপের বিষয় এটা সর্বসম্মতিক্রমে রেজলিউশনটি না এলেও আমরা পূর্ণ সমর্থন করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই আবেদন জানাই আপনারা যা করলেন এটা উইদাউট আওয়ার কনসেন্ট, কিন্তু আমরা সামান্য একটা সংখ্যার, অক্ষরের পরিবর্তন চেয়েছিলাম, তবুও একটা কথা বলব যে এতে আমাদের সমর্থন আছে। আপনারা ক্ষুদ্র মনোবৃত্তির পরিচয় দিতে পারেন, ক্ষুদ্র মনোভাবের পরিচয় দিতে পারেন, কিন্তু আমরা কংগ্রেস—আমরা বুঝি। ম্যান্ডেলা জেলে গেছেন, তাঁর আত্মত্যাগ, তাঁর সংগ্রাম কংগ্রেস বোঝে। কংগ্রেসের নেতা জাতির জনক তিনি বুঝেছিলেন আমরাও বুঝি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সমর্থন করছি এই রেজোলিউশনকে এবং আমার বন্ধু যাঁরা সরকারে আছেন তাঁদের বলব আপনারা সংকীর্ণ গোষ্ঠী, সংকীর্ণ মনোভাবের উর্দ্ধে উঠে সকলকে সঙ্গে নিন। তিনি এখন বিশ্বের নেতা, বর্তমানে কৃষ্ণাঙ্গদের নেতা, সকল মানবজাতির মুক্তির সূর্য। তাঁকে আহ্বান জানানোর জন্য কংগ্রেসকে যদি উপেক্ষা করেন, অবহেলা করেন তাহলে তাঁকেই অসম্মান করা হবে। তাই রাজীব গান্ধী ইতিমধ্যেই তিনি টিম পাঠিয়েছেন ডঃ ম্যান্ডেলার কাছে, তাঁকে আমন্ত্রণ জানিয়েছেন। তাঁকে ধন্যবাদ জানিয়ে, তাঁর কাছে কৃতজ্ঞতা জানিয়ে একটি প্রতিনিধি দল পাঠিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা এই রেজোলিউশনে থাকা উচিত ছিল। আমাদের সঙ্গে আলোচনা করলে আমরা বলতাম, কিন্তু আমাদের কথা নেওয়া হয়নি। পরিশেষে এই যে রেজোলিউশন এনেছেন ১৮৫ এর মোশনে তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ মাননীয় স্পিকার মহাশয়, এখানে নেলসন ম্যান্ডেলার মুক্তি এবং তাঁর পরবর্তি পরিস্থিতি নিয়ে এই সভায় যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে এখানে এই প্রস্তাবের মূল সুর হচ্ছে এই যে, আজকে সারা দেশের সঙ্গে দুনিয়ার সংগ্রাম এই কথা আর একবার প্রমাণিত হয়। নেলসন ম্যান্ডেলা তিনি বেরিয়ে এসেছেন এবং তার পরবর্তি দক্ষিণ আফ্রিকার যে ভবিষ্যত এই ব্যাপারে ভারতবর্ষ এক জায়গায় আছে। আমরা ঐক্যমত আছি।

এবারে বিরোধী দলের বক্তব্যের মধ্যে খানিকটা বিপদ এবং অভিযোগের সুর আছে। এই আন্দোলনের সুর ভারতবর্ষের প্রতিটি প্রান্তে, প্রতিটি কোনায় যাবে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। দক্ষিণ আফ্রিকার মধ্যে কোথাও কোনও বিরোধের সুর নেই। আমরা সকলে দাঁড়িয়ে বলছি যে, দক্ষিণ আফ্রিকার নতুন পরিস্থিতিতে ভারতবর্ষে—তার যে মুক্তির স্বপ্ন এগিয়ে যাবে। ভারতবাসী আমরা একযোগে আছি। আমরা সকলে আনন্দিত—নেলসন ম্যান্ডেলা তিনি মুক্তি পেয়েছেন, তিনি জেলে গিয়েছিলেন ৪৪ বছর বয়েসে আর ৭১ বছর বয়সে জেল থেকে বেরিয়ে এসেছেন। ২৭ বছরের দীর্ঘ কারাজীবনের অনেক ইতিহাস তার মধ্যে তৈরি হয়েছে। সেই ইতিহাসের ক্ষেত্র আমরা স্মরণ করব না। শুধু বিরোধী দলের চেতনার জন্য এই কথা আর একবার উল্লেখ করছি, এবং স্মরণ করবার জন্য বলছি, দক্ষিণ আফ্রিকার মুক্তি সংগ্রাম—দীর্ঘতম মুক্তি সংগ্রাম, এটা ঠিক। তিন পুরুষ ধরে লড়াই চলছে। সেই লড়াইয়ের দীর্ঘ ইতিহাস, যে ইতিহাস চেতনার মধ্যে থাকে—তার মধ্যে এক ধরনের ইতিহাস ব্যাখ্যা করা যায় না। আমাদের দেশের স্বাধীনতা আন্দোলন অহিংস পথের মধ্য দিয়েই শুরু হয়েছিল। দক্ষিণ আফ্রিকাতে যে স্বাধীনতার আন্দোলন হয়েছিল সেই আন্দোলনের যিনি অন্যতম প্রবক্তা, তিনি হচ্ছেন ডাঃ নেলসন ম্যান্ডেলা। জীবনের বাণী ছিল মহাত্মা গান্ধী, জওহরলাল নেহেরুর। কিন্তু সেই এ. এন. সি. রাজনৈতিক নেতা ইতিহাসের একটা বিশেষ সন্ধিক্ষণে বুঝতে পেরেছিলেন মুক্তিকে এগিয়ে নিয়ে যেতে গেলে সশস্ত্র সংগ্রামের পথেই এগোতে হবে। সংগ্রামের কোনও পথই পরিত্যাজ্য নয়। যেকোনও পথ পবিত্র পথ। কিন্তু সেই রক্তক্ষয়ী সংগ্রামকে ধ্বংস করবার চেষ্টা করা হয়েছিল একটা বর্বর শাসক দল বেরিয়েছে সাদা, কালো স্বীকার করেন না, তাদের বিরুদ্ধে সংগ্রাম চলছে। সেই সংগ্রামে নেলসন ম্যান্ডেলা মুক্ত হয়ে যাওয়ার পর এখন নতুন একটা সম্ভাবনার দ্বার সৃষ্টি হয়েছে। একটাই এখন প্রশ্ন যে, দক্ষিণ আফ্রিকার সরকার তাঁরা সংখ্যাগরিষ্ঠ সরকার করতে স্বীকৃতি দেবেন কি দেবেন না। প্রত্যেকটি ব্যক্তির ভোটাধিকারের ভিত্তিতে সংখ্যাগরিষ্ঠ সরকার করতে স্বীকৃতি দেবেন কি দেবেন না আমরা জানি না। নেলসন ম্যান্ডেলার মুক্তির পর অনেক রাজনৈতিক বন্দি আছেন, অনেক নেতৃত্ব আছেন যাঁরা দেশে ফিরতে পারেননি। এখনও ৫-৬টি বিপজ্জনক আইন দেশের মধ্যে আছে যে আইনগুলির দ্বারা মানুষের অধিকারকে খর্ব করে রাখা হয়েছে, অর্থাৎ এখনও বর্ণবৈষম্যের নীতি বজায় রাখা হয়েছে, মানুষের ভোটাধিকারের ভিত্তিতে গণতন্ত্রের প্রতিষ্ঠা হবে কি না এই লড়াই এখনও চূড়ান্ত হয়নি। নেলসন ম্যান্ডেলা মুক্ত হয়ে যাওয়ার পর সারা দেশে ঘুরে বেড়াচ্ছেন, সমস্ত রাজনৈতিক নেতাদের সঙ্গে যোগাযোগ করছেন। তিনি লুসাকায় গিয়েছিলেন সম্মেলনে, তিনি স্টক হোমে সভাপতির সঙ্গে আলোচনা করেছেন, আন্তর্জাতিক নেতৃবৃন্দ তাঁকে সমর্থন করেছেন। দক্ষিণ আফ্রিকায় এই বর্ণবৈষম্য কাঠামো ভেঙে পড়ছে, দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের পতন হবে এবং সেই দেশে গণতান্ত্রিক ভিত্তিতে সংখ্যা গরিষ্ঠ সরকার প্রতিষ্ঠিত হবে। ভারতবর্ষের সরকার যা করেছেন অতীতে আমরা তাকে সমর্থন করেছি, যদিও বারে বারে বলেছি বিভিন্ন আন্তর্জাতিক মঞ্চে, জোট নিরপেক্ষ মঞ্চে বিশেষ করে কমনওয়েলথে পশ্চিমী দুনিয়ার যেখানে অর্থনৈতিক ভাবে তাদের এই সমস্ত অবরোধের প্রশ্ন ছিল সেখানে ভারত সরকার আরো দৃঢ়তার সঙ্গে সেগুলি আরো ন্যায় সঙ্গতভাবে প্রয়োগ করতে পারতেন তাহলে দক্ষিণ আফ্রিকা সরকারের বিরুদ্ধে আরো চাপ সৃষ্টি করতে পারতেন। কমনওয়েলথ ভুক্ত সমস্ত দেশ যেখানে একসঙ্গে দাঁড়িয়ে বলছে দক্ষিণ আফ্রিকা সরকারের

বিরুদ্ধে ব্যবসা-বাণিজ্য অর্থনৈতিক স্যাংশন বন্ধ করে সেখানে দেখলাম অ্যাসেম্বলি খোলার প্রথম দিনে কমনওয়েলথের প্রধান হিসাব ইংলন্ডের রানির একটা শুভেচ্ছা বাণী মার্গারেট থ্যাচার এখানে দিয়েছেন কমনওয়েলথের প্রধান হিসাবে তাঁর সেই বাণীর মধ্যে দক্ষিণ আফ্রিকা প্রসঙ্গে একটা লাইনও নেই। এই ধরনের বাণীর কি তাৎপর্য আমার জানা নেই। এই অবস্থায় নেলসন ম্যান্ডেলা মুক্ত হয়ে আসার সঙ্গে সঙ্গে ইংলন্ডের ইউ. কে. সরকার যদি সিদ্ধান্ত নেন কয়েকটি প্রতিরোধের যে প্রশ্ন ছিল তা তুলে নিন, তাতে সব কিছু হয়ে গেল, এইসব প্রশ্নে ভারত সরকার যদি দ্রুততর প্রতিক্রিয়া জানান তাহলে আমরা সব সময় সমর্থন করব। আমার শেষ কথা এই প্রস্তাবে যেকথা বলা হয়েছে এই কলকাতা শহরে সব রাজনৈতিক দলমত নির্বিশেষে নেলসন ম্যান্ডেলার মুক্তির আওয়াজ তুলেছিল। এই কলকাতা শহরে কলকাতা বিশ্ববিদ্যালয় আমি যতদূর জানি পৃথিবীর মধ্যে প্রথম নেলসন ম্যান্ডেলাকে সাম্মানিক উপাধি দিয়েছিল। এই কলকাতা শহরে মাননীয় যতীন চক্রবর্তী যখন মন্ত্রী ছিলেন তখন পার্ক স্ট্রিটে নেলসন ম্যান্ডেলার নামে একটা উদ্যান করেছেন। নেলসন ম্যান্ডেলা লুসাকা, স্টক হোম ঘুরে এসে পরবর্তি সময়ে ইচ্ছা প্রকাশ করেছেন ভারতে আসবেন এবং ভারতে এলে কলকাতায় আসবেন। কলকাতায় এলে আমরা সমস্ত দল মিলে তাঁকে সম্মান দেব। এই প্রস্তাবে শেষ কথা বলা হয়েছে যে, আগামী ডিসেম্বর মাসে আফ্রিকার ন্যাশনাল কংগ্রেসের সারা দেশে যে সম্মেলন হবে সেই সম্মেলনে তাঁরা যে চুড়ান্ত রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং যখন দক্ষিণ আফ্রিকা প্রকৃতপক্ষে মুক্ত হবে আমরা সেই দিনের জন্য অপেক্ষা করে আছি। দীর্ঘদিন ধরে স্বাধীনতা সংগ্রামের লড়াই যেদিন চুড়ান্ত হবে সেদিন আমরা ভারতবাসী দক্ষিণ আফ্রিকার মানুষের সঙ্গে আর একবার হাত মেলাব এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের বিরোধিতা আমরা করছি না, পরন্তু একে সমর্থন করছি। শুধুমাত্র সরকার পক্ষ আর একটু উদার হলে পরিষদীয় রীতি নীতি এবং রুচির পরিচয় দেওয়া সম্ভব হত। কারণ, স্যার, আমি আপনাকে জানাই যে, ডঃ ম্যান্ডেলাকে নিয়ে আমরা সবাই বলছি যে, কোনও রাজনীতি করতে যাচ্ছি না। কিন্তু একটু সূক্ষ্ম এক ধরনের নোংরা রাজনীতি করে ফেললেন বামফ্রন্ট সরকার। আমাদের ডেপুটি লিডার, সি. এল. পি.-র তাঁকে দিয়ে একটা সইও করিয়ে নিলেন শচীনবাবু ডঃ ম্যান্ডেলার ব্যাপারে। তারপর মূল প্রস্তাব আজকে এখানে যেটা এল, তাতে দেখলাম আমাদের বিরোধী দলের পক্ষ থেকে কোনও নাম নেই। এটা ম্যান্ডেলার প্রতি শ্রদ্ধা নিবেদনের উৎকৃষ্ট পথ হিসাবে চিহ্নিত হল না—বিশেষ করে পরিষদীয় রুচির দিক থেকে এটাকে সমর্থন করি না। কিন্তু তাঁর মুক্তি নিয়ে যদি কোনও প্রস্তাব আসে, সেটা যেভাবেই আসুক তাহলে তার বিরোধিতা করার মত মানসিকতা আমাদের দলের নেই, আমারও নেই। স্যার, দীর্ঘ ২৭ বছর পরে তিনি মুক্তি পেয়েছেন। এতে আমরা খুবই আনন্দিত, কিন্তু উচ্ছ্বসিত নই। কারণ আমরা জানি যে, সাম্রাজ্যবাদ কতকটা শয়তানের যেমন মৃত্যু হয় না, তেমনি সাম্রাজ্যবাদেরও মৃত্যু হয় না। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি, ভিয়েতনাম, অ্যাঙ্গোলা, পর্তুগালে কিভাবে সাম্রাজ্যবাদ থাবা মেরেছে। পরবর্তিকালে একই ব্লু প্রিন্ট ভিয়েতনাম জয়ের পরে চিলিতে এসেছে। হত্যা করেছে অলান্দ্রেকে। তারপরেও শয়তান ক্ষান্ত থাকেনি, চলে এসেছে পূর্ব এশিয়ায় এবং আক্রমণ করেছে দক্ষিণ আফ্রিকা। বাংলাদেশও সেই সাম্রাজ্যবাদী আক্রমণ

গণতান্ত্রিক শক্তি পদানত হয়ে যায় এবং সামরিক শক্তির অভ্যুত্থান ঘটে। পাকিস্তানেও সেই একই কায়দায় ভুট্টোকে নিহত করে সামরিক শক্তির অভ্যুত্থান ঘটে। বার্মা, থাইল্যান্ড, ইন্দোনেশিয়ায়ও একের পর এক ঠিক এমনি ভাবেই সাম্রাজ্যবাদী চক্রান্ত নেমে এসেছিল। তেমনি ভাবে পৃথিবীর বৃহত্তম গণতন্ত্রের মন্দির ভারতবর্ষেও আক্রমণ করবার চেষ্টা হয়েছে। ভারতবর্ষের মানুষ, ভারতবর্ষের সরকার বিশেষ করে শ্রীমতী ইন্দিরা গান্ধীর দীপ্ত, বলিষ্ঠ নেতৃত্ব এই মন্দিরকে রক্ষা করতে পেরেছে সাম্রাজ্যবাদের গ্রাস থেকে। ম্যান্ডেলার মুক্তি তাই আমাদের কাছে নতুন একটা আলো দেখায়। তাই বলে আমরা উচ্ছ্বসিত নই। এর থেকে আমরা আরো লড়াই করার প্রেরণা পাই। ম্যান্ডেলার মুক্তির পরে এই প্রেরণা আমরা পেয়েছি। যেমন করে রাশিয়ায় জারের বিরুদ্ধে যুদ্ধ জয়ের মধ্য দিয়ে ভারতবর্ষের স্বাধীনতা প্রেমী মানুষ ভারতবর্ষের স্বাধীনতা যুদ্ধ অনুপ্রেরণা পেয়েছিল ঠিক তেমনি অনুপ্রেরণা আফ্রিকার মুক্তিকামী মানুষও পেয়েছে। আজকে আমরা পাঞ্জাব, কাশ্মীরে সাম্রাজ্যবাদী শক্তির নগ্ন ভূমিকা দেখতে পাচ্ছি। পাঞ্জাবে খালিস্তানের নাম করে সাম্রাজ্যবাদী শক্তি যে নগ্ন ভূমিকা গ্রহণ করেছে সেটা আমরা সকলেই দেখতে পাচ্ছি। তাই ম্যান্ডেলার মুক্তি আমাদের নতুন করে অনুপ্রাণিত করবে। আমরা আশা করছি নিছক কোনও রেজোলিউশনের জন্য এই রেজোলিউশন নয়, এর গভীরে আসল যে তাৎপর্য লুকিয়ে আছে সেটার সঠিক মূল্যায়ণ করতে পারব—এই আশা করেই এটাকে সমর্থন করছি। কিন্তু দুঃখের বিষয় এই, বাস্তবকে অস্বীকার করবার উপায় নেই, বাস্তবকে আমরা অস্বীকার করতে পারি না। বুদ্ধদেব বাবু বাস্তবকে অস্বীকার করতে পারেননি বলেই তাঁকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নাম বলতে হয়েছে। তাঁকেও বলতে হয়েছে ইন্দিরা গান্ধী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে। তিনি কেবল যে দক্ষিণ আফ্রিকার সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে ছিলেন, তা নয়—পাকিস্তানেও যখন সাম্রাজ্যবাদী শক্তি চক্রান্ত করে ভুট্টোকে নিহত করে সামরিক শক্তির অভ্যুত্থান ঘটিয়েছিল তখনও প্রতিবাদে একমাত্র সোচ্চার ছিল ভারতবর্ষ। ভারতবর্ষের তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী পরবর্তিকালে মুজিবর রহমানও যখন বাংলাদেশের স্বাধীনতার জন্য ভারতবর্ষের দিকে তাকিয়েছিল, সেখানেও তিনি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন। সেই সময় শ্রীমতী ইন্দিরা গান্ধীর কংগ্রেস দলই সমর্থন জানিয়েছিলেন। কাজেই এই ইতিহাসকে লুপ্ত করবার কারো কোনও ক্ষমতা নেই, আমাদের দলের ব্যক্তিরও থাকে না। সেটাকে স্বীকার করা উচিত বলে আমি মনে করি। তাতে সকলেই অনুপ্রাণিত হবে, আনন্দিত হবে। বামফ্রন্টকে এটা স্বীকার করতে হবে। এটা একটা ইতিহাস বলে একটা

[2-00–2-10 P.M.]

পার্ক করেছেন কিন্তু দ্বিতীয় আর কিছু উল্লেখ করতে পারলেন না। ম্যান্ডেলা সম্পর্কে আফ্রিকার মুক্তিকামী মানুষদের সম্পর্কে কি করেছেন? বললেন একটা পার্ক করেছি। তাও সেটা একটা ক্ষুদ্রতম পার্ক। অথচ ভিয়েতনামের ব্যাপারে যে জিনিস আপনারা করেছিলেন সেটা আমরা জানি। ভিয়েতনামের সময় আপনারা যা করেছেন তা আমরা সমর্থন করি। সেই সময় ভিয়েতনাম নিয়ে মানুষের মধ্যে একটা জনমত তৈরি করেছিলেন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে। আপনাদের সেই অবদান আমরা অস্বীকার করি না। আপনারা সংকীর্ণ হলেও আপনাদের মতন আমরা সংকীর্ণ নই। সেই সময় তাজা রক্ত এখান থেকে উড়ো জাহাজে করে সেখানে পাঠিয়েছিলেন, আমরা অস্বীকার করি না আপনাদের সেই কাজের কথা। কিন্তু দক্ষিণ আফ্রিকার

পক্ষে, ম্যান্ডেলার পক্ষে এবং বর্ণবিদ্বেষের বিরুদ্ধে আপনাদের সেই সময় জনমত সংগঠন স্পৃহা ছিল না। আপনারা বসন্তের কোকিলের মতন ম্যান্ডেলার মুক্তির পর যেভাবে চিৎকার করছেন ম্যান্ডেলার মুক্তির জন্য সেইভাবে চিৎকার করেননি। এটা নিশ্চয়ই আপনারা অস্বীকার করতে পারবেন না। ভিয়েতনাম ইস্যু এবং দক্ষিণ আফ্রিকার বর্ণবৈষম্যের বিরুদ্ধে আপনাদের লড়াই—এই দুটি ব্যাপারে আপনাদের নিজেদের দিকে চেয়ে দেখুন, আপনাদের খাতাপত্র উল্টে দেখুন, দেখবেন আসমান জমিন ফারাক। 'ভিয়েতনাম, তোমার নাম, আমার নাম' এই শ্লোগান তখন গ্রামে গঞ্জে ছড়িয়ে গিয়েছিল কিন্তু দক্ষিণ আফ্রিকার মুক্তির জন্য সেরকমের শ্লোগান আপনারা করতে পারেননি। ২৭ বছর ধরে তো তিনি কারাগারে, বলুন তো সেরকম কি আপনারা করেছেন? বুদ্ধদেব বাবু তো তখন টগবগে যুবক, বলুন তো তখন কতবার তিনি নেলসন ম্যান্ডেলার নাম উল্লেখ করেছিলেন যখন তিনি কারার অন্তরালে বাস করেছেন? করেননি। শ্রীমতী ইন্দিরা গান্ধী কিন্তু তা করেছিলেন, সেটা নিশ্চয়ই আপনারা অস্বীকার করতে পারবেন না। আজকে আমার সবচেয়ে দুঃখ লাগে এই ভেবে যে, আজকে পৃথিবীর মধ্যে যে মানুষটা সবচেয়ে ম্যান্ডেলার খবরে আনন্দ পেতেন সেই মানুষটাকে খালিস্তান পন্থিরা খুন করেছে। এবং তার ফলে তিনি আর আজকে আমাদের মধ্যে নেই। শ্রীমতী গান্ধীকে বাদ দিয়ে আজকে ম্যান্ডেলার প্রশংসা করা যায় না, অন্তত ভারতবাসী হিসাবে তা করলে আমি মনে করি ইতিহাসকে অবমাননা করা হবে। অথচ আমরা দেখলাম এখানে শচীনবাবু নিজেদের কয়েকজনের নাম সই করালেন। আমরা তো এটা সমর্থন করছি কাজেই আমি বলব, আবার সকলকে দিয়ে সই করিয়ে সুষ্ঠুভাবে এটা আনুন। স্যার, আমরা জানি, নেলসন ম্যান্ডেলার মুক্তির পর অনেক কাহিনী লেখা হয়েছে, অনেক কবিতা লেখা হয়েছে, তারমধ্যে যা আমাকে খুব স্পর্শ করেছে তার থেকে কিছু অংশ আমি উল্লেখ করব। ঠিক মুক্তির পরে আনন্দবাজারে প্রকাশিত কয়েকটি লাইন আমি উল্লেখ করছি। "মানুষের নাম, দেশের নাম—কিছু নাম আর নাম মাত্র থাকে না, প্রতীক হয়ে যায়। যেমন ভিয়েতনাম। আক্রমণকারীর বিরুদ্ধে আক্রান্তের প্রতিবাদ, অত্যাচারের বিরুদ্ধে বিশ্ববিবেকের প্রবলতম ধিক্কার। যেমন গান্ধী। ধূলিস্তব থেকে অবনত আস্থাহীন একদেশ মানুষকে জাতিতে পরিণত করার মন্ত্র, হিংসার উন্মাদনা থেকে অহিংসায় নিয়ে যাবার প্রেরণা। তেমনই আর এক প্রতীক, নেলসন রোহিহলাহ্লা ম্যান্ডেলা। দীর্ঘ ২৭ বছর ধরে দুনিয়ার বিখ্যাততম কয়েদি। দক্ষিণ আফ্রিকার প্রভুত্বকামি উদ্ধত শ্বেত শাসকরা কারাগারে নিক্ষেপ করে যে কৃষ্ণকায় নেতার জীবনিশক্তি, সাহস, প্রতিবাদ ও সংগ্রামের স্পৃহাকে এবং আপন কালো মানুষদের জন্য মাথা উঁচু করে দাঁড়াবার স্বপ্নকে চুরমার করে দিতে চেয়েছিলেন, কিন্তু সফল হয়নি। 'আমি আবার ফিরে আসব'—বলেছিলেন ম্যান্ডেলা। আজ ফিরে এসেছেন তিনি কারাপ্রাচীরের অন্তরাল থেকে আবদ্ধ আসামী হিসাবে আদালতের সামনে তিনি বলেছিলেন, আমার সমস্ত জীবন নিবেদিত আফ্রিকার মানুষদের জন্য অধিকার আদায়ের সংগ্রামে। সাদা মানুষদের জবরদস্তির বিরুদ্ধে আমি লড়াই করছি। "তিনি ফিরে এসেছেন কিন্তু পূর্ণ যৌবন নিয়ে ফিরে আসতে পারেননি। যৌবনে তিনি ভাল মুষ্ঠিযোদ্ধা ছিলেন, ছিলেন ভাল দৌড়বাজ। আজকে তার পক্ককেশ কিন্তু তা সত্ত্বেও তার চোখে এখনও আগুন জ্বলছে, তার চোখ প্রদীপ্ত। এটাই আমাদের কাছে আজ এগিয়ে যাবার প্রেরণা। স্যার, আমি শ্রীমতী ইন্দিরা গান্ধীর কথা কেন বলছিলাম সে কথায় আসি। শ্রীমতী ইন্দিরা গান্ধী ১০ বছর আগে বলেছিলেন, ইউ. এন. ও.-তে পর্যন্ত বলেছিলেন "The Idea of free-

dom cannot be stamped out. Some spark will persist to burst into flame, somewhere, some time, to light the way and illumine hearts and ultimately lead to success. Neither colour nor Caste nor sex makes one person Superior or inferior. No matter what laws South Africa devises for itself, history cannot be denied, nor will the inexorable march of the future be halted. Apartheid cannot survive." নেলসন ম্যান্ডেলা তার আত্মজীবনিতে কোনও বই থেকে কোট করেছিলেন? নেলসন ম্যান্ডেলা 'নো ইজি টু ফ্রিডম' বলে যে বই লিখেছিলেন এবং তাতে তিনি যেকথা উচ্চারণ করেছিলেন সেটা নেহেরুর রচনা 'ইউনিটি অব ইন্ডিয়া' থেকে নেওয়া হয়েছিল। তিনি বলেছিলেন, There is no easy walk to freedom and many of us will have to pass through the valley of shadow, of death, again and again before we reach the Mountain tops of our desires. গান্ধী এবং নেহেরুর প্রতি তার যে অপরিসীম শ্রদ্ধা ছিল তার লিখিত আত্মজীবনি থেকে সেই খোঁজ আমরা পেয়েছি। আমি নিজে ট্রেড ইউনিয়ন করি, কাজেই এই জিনিস উল্লেখ না করে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বের দরবারে ইন্টারন্যাশনাল লেবার কনফারেন্সের সেভেন্টি ফিফথ সেশনে আমি অংশগ্রহণ করি। আমি সেখানে ছিলাম ভারতবর্ষের পক্ষ থেকে এবং সেখানে একটা রেজোলিউশন নেওয়া হয়েছিল। সেখানে উন্নয়ণশীল দেশগুলি থেকে যে ওয়ার্কিং গ্রুপ করা হয় তারা anti-aparthid movement-এর উপরে একটা রেজোলিউশন নেন। আমি তার একটা লাইন আপনার কাছে পড়ে শোনাচ্ছি। সারা বিশ্বের ওয়ার্কিং ক্লাশকে এটা স্পর্শ করেছিল। সেটা হচ্ছে, Concerned that the black population and workers of South Africa continue to be the victims of daily discrimination, unacceptable conditions of life and work, lack of freedom, the restriction of trade Union rights and violent repressive measures. আমি একথা বলে শেষ করতে চাই যে, ভিক্টর ডারস্টার কারাগার থেকে নেলসন ম্যান্ডেলা মুক্তি পেয়েছেন। কিন্তু এখনও বহু হাজার হাজার নেলসন কিন্তু মুক্তি পায়নি। তাদের অর্থনৈতিক মুক্তি এখনও সুদূরপরাহত। কাজেই উল্লসিত না হয়ে এই রেজোলিউশনের ভিতর থেকে যেন নতুন প্রেরণা বেরিয়ে আসে। এথেকে যেন বেরিয়ে আসে দক্ষিণ আফ্রিকার সমগ্র মানুষের প্রতি নতুন প্রতীক। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সামগ্রিক ভাবে লড়াই চালিয়ে যেতে হবে। আমাদের দেশে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে সাম্রাজ্যবাদের কোনও জায়গা নেই এটা প্রমাণ করতে হবে। নেলসনের মুক্তিকে আমাদের সূর্যের মত, চোখের মণির মত রক্ষা করতে হবে। এই রেজোলিউশন থেকে নিশ্চয়ই সেটা বেরিয়ে আসুক এবং নেলসন ম্যান্ডেলার মুক্তিকে ক্ষুদ্র না করে তাকে সম্পূর্ণ করবার জন্য ঐ রেজোলিউশনকে সমর্থন করছি। এই কথা বলে শেষ করব যে আমাদের লিডার এবং ডেপুটি লিডারকে নিয়ে এটা সর্বসম্মত প্রস্তাব করা হোক।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেলসন ম্যান্ডেলার উপরে আজকে যে প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। নেলসন ম্যান্ডেলার নামটি আমাদের কাছে একটা সংগ্রামের প্রতীক। সারা বিশ্বের মানুষ নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য জনমত সৃষ্টি করেছেন, আন্দোলন করেছেন। সাম্রাজ্যবাদী শক্তির যে অত্যাচার এবং দাসত্বের যে অন্ধকারময় যুগ সেটা ভারতবর্ষের মানুষ জানে। তাই আজকে যখন তাকিয়ে দেখি যে, দক্ষিণ আফ্রিকার এই অগ্নিহোত্রি নেলসন ম্যান্ডেলা তার দেশের মুক্তির জন্য

স্বাধীনতার জন্য দীর্ঘস্থায়ী সংগ্রামের জন্য নেতৃত্ব দিয়েছেন, এগিয়ে এসেছেন তখন আমাদের নিজেদের কথা মনে হয়। কোনও সাম্রাজ্যবাদী শক্তি, কোনও স্বৈরাচারী শক্তি জাতির স্বাধীনতা ব্যক্তির স্বাধীনতাকে দিয়ে চিরকাল দমন করে রাখতে পারে না সেই ইতিহাস আছে। তাই ভারতবর্ষের মানুষ বেশি করে একথা উপলব্ধি করে। তাই ভারতবর্ষের মানুষ আজ উল্লসিত নেলসন ম্যান্ডেলার মুক্তির সংগ্রামের দীপ্তিতে। আমরা জানি যে, দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গ মানুষের জন্য, তাদের স্বাধীনতার জন্য, তাদের স্বাধীকারের জন্য যে সংগ্রাম শুরু করেছিলেন তার যৌবনকালে সেই সংগ্রাম এতদিন অহিংস পথ ধরে এগিয়ে চলেছে। কিন্তু ১৯৬০ সালে তিনি প্রত্যক্ষ করলেন যে, এই বোথা সরকার কিভাবে কৃষ্ণাঙ্গ মানুষগুলিকে গুলি চালিয়ে নির্মম ভাবে একটা সমাবেশে হত্যা করলেন। সেদিনের সেই সমাবেশ থেকে তিনি প্রতিজ্ঞা করলেন যে এই পথে দক্ষিণ আফ্রিকার সাধারণ মানুষের জন্য মুক্তি আসতে পারে না এবং ইতিহাস এটা প্রমাণ করেছে। দেশের মুক্তি সেটা যেকোনও পথেই সেটা অর্জন করতে গেলে সংগ্রাম করতে হবে। পরবর্তিকালে আমরা দেখেছি, যে নেলসন ম্যান্ডেলা অসহযোগ আন্দোলনের মাধ্যমে জাতিকে উদ্বুদ্ধ করেছিলেন, তিনি সেই পথ ছেড়ে দিয়ে শসস্ত্র সংগ্রামের পথ গ্রহণ করেছিলেন। আফ্রিকায় নেলসন ম্যান্ডেলা কিভাবে বোথা সরকারের বিরুদ্ধে, সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে দেশের মানুষকে ঐক্যবদ্ধ ভাবে লড়াইয়ের মধ্যে নিয়ে গেছেন।

[2-10–2-20 P.M.]

১৯৬২ সালে, আমরা অবাক হয়ে যাই যে, তিনি ছদ্মবেশ ধারণ করে আত্মগোপন করে সমস্ত মানুষের মধ্যে সংগ্রামের বাণী ছড়িয়ে দিচ্ছেন, মানুষকে ঐক্যবদ্ধ করছেন, বোথা সরকারের বিরুদ্ধে সংগ্রামের জন্য উজ্জীবিত করছেন, তখন তিনি ছদ্মবেশ ধারণ করে একজন শ্বেতাঙ্গ নেতার তিনি ড্রাইভারি করছেন। এই ড্রাইভারি করতে গিয়ে কিন্তু তিনি ধরা পড়েন। ছদ্মবেশে থাকাকালীন তিনি ধরা পড়েন ১৯৬২ সালে। তাঁর এই জীবন চরিত, তাঁর এই রোমাঞ্চকর কাহিনী সারা বিশ্বের নিপীড়িত, শোষিত, নির্যাতিত মানুষের কাছে সংগ্রামের প্রতীক হিসাবে চিহ্নিত হয়েছে। তাই নেলসন ম্যান্ডেলা এই নামটি আমাদের কাছে জাদুকরের মন্ত্রের মত আকর্ষণ করে নিয়ে যাচ্ছে। আমরা জানি দীর্ঘস্থায়ী এই সংগ্রামের মধ্য দিয়ে দেখি আফ্রিকার মানুষ, তাদের অধিকারকে প্রতিষ্ঠিত করবে, তাদের স্বাধীনতাকে সে ফিরে পাবে। আজকে নেলসন ম্যান্ডেলাকে বাধ্য হয়েছে বোথা সরকার, এই স্বৈরাচারী সরকার মুক্তি দিতে, কারণ গোটা বিশ্বের মানুষ সোচ্চার হয়েছে। দলমত নির্বিশেষে পৃথিবীর মানুষ আজকে সোচ্চার হয়েছে, তাই বাধ্য হয়ে সাম্রাজ্যবাদী সরকার তাঁকে মুক্তি দিয়েছে। সেটা কিন্তু আমাদের কাছে বড় কথা নয়। আজকে নেলসন ম্যান্ডেলার যে আদর্শের জন্য যে নীতির জন্য দক্ষিণ আফ্রিকার মানুষ এবং বিশ্বের নিপীড়িত, শোষিত মানুষের কাছে সংগ্রামের প্রতীক হিসাবে চিহ্নিত সমস্ত মানুষ তাকিয়ে আছেন তাঁর দিকে। কারণ তাঁর দেশ, তাঁর স্বদেশ এখনও মুক্ত নয়, তিনি মুক্ত হয়েছেন, কিন্তু তাঁর স্বদেশ এখনও মুক্ত নয়। দ্বিতীয় নাগরিক হিসাবে তাঁর স্বদেশে তিনি চিহ্নিত হয়ে রয়েছেন। তাঁরা শোষিত, তাঁরা নির্যাতিত, অধিকার থেকে বঞ্চিত। তাই তাঁর স্বদেশ এখনও মুক্ত হয়নি। আমরা সংবাদ পাচ্ছি যে, সাম্রাজ্যবাদী শক্তি চক্রান্ত করছে যে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসকে কিভাবে তাদের মধ্যে মতবিরোধ সৃষ্টি করা যায়, তার চক্রান্ত চলছে যাতে নেলসন ম্যান্ডেলা তাঁর স্বপ্ন, তাঁর আন্দোলন, তাকে স্বার্থক করতে